## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে চৈত্র বুধবার ১৩৬১ ইংরাজী 13th April. 1955 { ৪৬শ সংখ্যা






**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩০শে চৈত্র বুধবার সন ১৩৬১ সাল।

## সন ১৩৬১ সালের
# বিদায় সম্বর্দ্ধনা

—•—

আগামী কাল সন ১৩৬১ সালের শেষ দিন ৩১শে চৈত্র সংক্রান্তি। এই দিনের মধ্যে ভাবী সাল সন ১৩৬২ কে সমস্ত হিসাব বুঝাইয়া দিয়া ১৩৬১ সাল প্রথামত মহাকালের সহিত মিলিয়া যাইবেন।

প্রত্যেক নব বৎসর বৈশাখের শুভ অর্থাৎ প্রথম তারিখে কার্য্যভার গ্রহণ করেন। চৈত্র সংক্রান্তির দিন তাঁহাকে মহাপ্রস্থান করিতে হয়। সন ১৩৬১ সাল অনেক দুঃখের অনেক কষ্টের মধ্যেও ইংরাজের আমলে প্রবর্ত্তিত ভারতবাসীর সুখের কণ্টকস্বরূপ কণ্ট্রোল উঠাইয়া দিবার সুনাম অর্জ্জন করিয়াছেন। ভারতের করুণ-হৃদয় খাদ্যমন্ত্রী জনাব রফি আহমদ কিদোয়াই তাঁহার সহৃদয়তার যে পরিচয় দিয়াছেন, তাহা ভারতবাসী বিশেষ করিয়া অন্নের সহিত প্রস্তরচূর্ণ কঙ্কর প্রফুল্লচিত্তে গলাধঃকরণ করিতে বাধ্য বাঙলার অধিবাসীবৃন্দ কৃতজ্ঞচিত্তে স্মরণ করিবে।

কিদোয়াই সাহেব যেন মানুষের এই কণ্ট্রোল-রূপ কণ্টক দূর করিবার জন্যই দয়াময় ভগবান কর্ত্তৃক প্রেরিত হইয়াছিলেন। সন ১৩৬১ সালে তাঁহার এই সৎ কর্ম্মের অবসানের সঙ্গে সঙ্গেই তাঁহাকে মানবলীলা সংবরণ করিতে হইল। দয়াময় ভগবান কিদোয়াই সাহেবের এই মহৎ কার্য্য সমাপনান্তে আর এই পাপ ধরাধামে না রাখিয়া নিজের নিকটে ডাকিয়া লইলেন। সুতরাং ১৩৬১ সাল ভারতের পক্ষে বিশেষ করিয়া বাঙলার পক্ষে খুব স্মরণীয় বৎসর।

### পাকিস্থানের পক্ষেও ১৩৬১ সাল চিরস্মরণীয়

পাকিস্থানের প্রধান মন্ত্রী জনাব মহম্মদ আলি হজরত মহম্মদের পত্নীগ্রহণের আদেশ অর্দ্ধাংশ পালন করিয়া ধর্ম্মমার্গে ক্রমশঃ অগ্রসর হইতে যত্নবান হইয়াছেন। তাঁহার প্রথমা পত্নী বাহাল তবিয়তে থাকা এবং তদীয়া গর্ভজাত পুত্রগণ থাকার দিকে ভ্রূক্ষেপ না করিয়া তাঁহার সেক্রেটারী মিস আলিয়া সাদীকে সাদী করিয়া হজরতের আদেশের চারি বিবির মধ্যে দুই বিবি গ্রহণকার্য্য সমাপন করিয়া বর্ত্তমান বর্ষের গুরুত্ব বৃদ্ধি করিতে সক্ষম হইয়াছেন।

### বাঙালীর দুঃখের কপাল

ভাষাভিত্তিক প্রদেশ গঠনের উদ্দেশ্যে ভারত সরকার কমিশন নিয়োগ করিয়াছেন। কমিশনের সদস্যগণ যেদিকে তদন্তের জন্য যাইতেছেন, সেই দিকেই বাঙালীরা নির্য্যাতিত হইতেছে। বিহারে যখন তাঁহারা যান, বিহারীরা বাঙালী পীড়ন সুরু করিয়াছিল। এখনও সম্মানী বাঙালী ভদ্রলোককে হাতকড়ি কোমরে দড়ি বাঁধা অবস্থায় বিচারালয়ে বিচারকের সম্মুখে লইয়া যাইতে পুলিশ দ্বিধা করে না।

সম্প্রতি সীমা নির্দ্ধারণ কমিশন আসামে কাজ সুরু করিয়াছেন। আসামবাসীরা বিহারের অবিকল অনুকরণে আসামের অধিবাসী বাঙালীদের পীড়ন সুরু করিয়া দিয়া আসামী নামের সার্থকতা সম্পাদনে যত্নবান হইয়াছে।

স্বাধীন ভারতে বাঙালীর দুখের কপালে আর সুখের আশা নাই। স্বর্গত কবি নীলকণ্ঠ মুখোপাধ্যায় রচিত দুখের কপালের কতিপয় বিখ্যাত ব্যক্তির বর্ণনা সম্বলিত গান মনে পড়িল।

গান

সুখ নাইরে দুখের কপালে।
বিধির লেখা, চর্ম্মে ঢাকা
ফলতে ফলে কালাকালে।

সিন্ধু মাঝে ইন্দুস্থিত—
স্নিগ্ধ জলে স্নান,
জ্ব'লে প্রাণ বাড়বানলে
শম্ভু-শিরে যান,
গিয়ে শম্ভু-শির পাশে,
ভুজঙ্গ-দংশন ত্রাসে,
উঠিল গিয়ে আকাশে
সেথা রাহু গ্রাসে বলে।
সুখ নাইরে......

শ্রীরামচন্দ্র পূর্ণব্রহ্ম
স্বয়ং ভগবান—
রাজা হ'তে গিয়ে শ্রীরাম
বনে চলে যান—
জগতে যার করে ভক্তি,
কাননে হারালো শক্তি,
সর্ব্বাংশে হরিল শক্তি
লক্ষ্মণের ঐ শক্তিশেলে।
সুখ নাইরে......

সময় পেয়ে কাষ্ঠে কাষ্ঠে
হইবে ঘর্ষণ,
গ্রহ ফেরে অগ্নি উঠে
গৃহ হয় দাহন,
নল রাজার হয় শনিদৃষ্ট,
শ্রীবৎসের হয় রাজ্য ভ্রষ্ট,
কষ্ঠ কয় কি কব কষ্ট
দগ্ধ মীনও জলে চলে।
সুখ নাইরে দুখের কপালে।

—

### এক নিশ্বাসে
### সন ১৩৬২ সালের নূতন পঞ্জিকা
# বর্ষ-ফল-গান

( বৃন্দাবন-বিলাসিনী রাই আমাদের—সুরে )

এক নিশ্বাসে বলবো, শোন নূতন পাঁজি,
নূতন পাঁজি, নূতন পাঁজি, নূতন পাঁজি, নূতন পাঁজি।
বৈশাখের পর জ্যৈষ্ঠ গেলে, আষাঢ় দিবে দেখা,
শ্রাবণের পর ভাদ্র পরে আশ্বিন আছে লেখা।
কার্ত্তিক মাস গেলে হবে অগ্রহায়ণ পৌষ,
মাঘ, ফাল্গুন অন্তে চৈত্র গণনায় নাই দোষ।
রবি, সোম, মঙ্গল, বুধ, বেস্পতি, শুক্র, শনি,
পর পর ঠিক আসবে এবার দেখা গেল গণি।
প্রাতিপদের পর দ্বিতীয়া, নয়কো ত্রয়োদশী,
পর্য্যায়ক্রমে আসবে তিথি, গণলাম বসি বসি।
"বার্থ রেজিষ্টার, ডেথ রেজিষ্টার" সরকারেয় ঘরে,
দেখলে পরেই জানবে সবে কত জন্মে মরে।
আয়, ব্যয় ও স্থিতির হিসাব দেবেন 'এসেসর',
আয় চেয়ে ব্যয় বেশী হ'লে সেই হবে ফেরার।

খাবার জিনিস জুটবে না যার, মরবে অনাহারে,
থাকতে খাবার দেয়না খেতে রাগে আর ডাক্তারে।
লটারীতে টাকা পেলে হঠাৎ কাঙাল—ধনী,
ব্যক্তিগত বর্ষফল ক্রমে দিচ্ছি গণি।
পাঁজি ভেদে দেখতে পাবে রাজা-মন্ত্রী ভেদ,
মোর গণনা শুনলে ঘুচে যাবে মনের খেদ
ধনীর রাজা—"টাকার গরম", মন্ত্রী বহু তার,
দীনের রাজা—"নাই, নাই, নাই", মন্ত্রী
'হাহাকার"!

যাদের ঘরে প্রবেশ নিষেধ, সঙীন ঘাড়ে রক্ষী,
তাদের ঘরেই ঠেলে ঠুলে ঢুকবে গিয়ে লক্ষ্মী।
দ্বার খোলা যার সকল সময়, ভক্তি ক'রে ডাকে—
তাদের ডাকে মা কমলা পিছন ফিরে থাকে।
এই প্রমাণে, মনে মনে গণিলাম এই টুক—
সুখীর ঘরে সুখ যাবে আর দুখীর ঘরে দুখ!
যাদের আয়ু ফুরিয়ে এলো এবার মরবে তারা,
পরমায়ু থাকতে এবার কেউ যাবে না মারা।
মেয়ের বিয়ে যত হবে, ছেলের বিয়ে তত!
'ডাইভোর্স' আর 'তালাক' হবে লোকের রুচিমত।
কত লোকের গিন্নী যাবে শাঁখা সিন্দুর নিয়ে,
পাকা ঘুঁটি কাঁচবে অনেক ক'রে নূতন বিয়ে!
কত মেয়ের হাতের নোয়া শাঁখা যাবে খসি,
বাঁচবে য'দিন ইচ্ছা হয় তো করবে একাদশী!
কত লোকের বাপ মরিবে কত লোকের ছেলে,
ক'দিন কেঁদে ঠাণ্ডা হবে পেটে অন্ন গেলে।
বহু ছেলে পাশ হবে আর বহু ছেলে ফেল,
পদের তরে পরের পদে দিতেই হবে তেল!
কেউ বা হবে বরখাস্ত, কেউ বা হবে বাহাল,
কেউ কাঁদিবে কেউ হাসিবে, দুনিয়ার যা হাল।
কেউ কিনিবে নূতন বিষয়, কেউ করিবে বিক্রী,
কতক মামলা ডিস্‌মিস্ হবে কতক হবে ডিক্রী।
আদালতে হাজির হবে বাদী বিবাদীতে,
দু'এর উকীল ভরসা দিবে—মামলা যাবে জিতে।
হাকিম চাবেন 'ফাইল ক্লিয়ার' আমলা চাবেন 'এথি'
একের যাতে লভ্য, তাতে অন্য জনের ক্ষেতি।
মাল কিনে রেখেছে যারা, বল্‌বে বাজার চড়ুক—
নিজের ভাল সবাই চাবে, অন্যে মরে মরুক!
একের ভাল করতে গেলে, অন্যে যাচ্ছে মারা,
এক্ষেত্রে যে বিপদগ্রস্ত ভগবান বেচারা!

সেই কারণে ভেবে চিন্তে সামঞ্জস্য ক'রে,
দুনিয়াতে পাঠিয়ে দিবেন, সুখে দুখে গড়ে।
দিবানিশি ভাববে যারা, তারা হবে রোগা,
থাকবে সুখে, বলবে যারা, "যো হোগা সো হোগা"
রাজা হবার জন্য সবার আশা চিরকাল,
ফলে কিন্তু "যে পান্নালাল, সেই পান্নালাল।"
নেহাৎ যাহার উন্নতিটা করবে ভগবান—
কচু আছ, ঘেঁচু হবে, বড় বাড়ো তো মান!

### পর্ব্ব দিন

পয়লা বোশেখ **নূতন খাতা**—মনে রেখো দাদা,
জমা কিছু না দাও যদি চলবে জোর তাগাদা।
সাতাশে মে শুক্রবার বাংলা ১২ই জ্যৈষ্ঠ—
মনে রেখো জামাই সকল সেদিন **জামাই ষষ্ঠী**।
একত্রিশে মে ১৬ই জ্যৈষ্ঠ **দশহরা** যোগে
এক ডুবেতে খালাস পাপী লক্ষ পাপের ভোগে।
একুশ জ্যৈষ্ঠ **স্নানযাত্রা** নাইবে জগন্নাথ—
টক্কা তরে পাণ্ডা করে উৎকলে উৎপাত।
সাতই আষাঢ় **অম্বুবাচী** বাঁধা পাঁজির মতে,
একুশে জুন ছয়ই আষাঢ় উঠবে ঠাকুর **রথে**।
চোদ্দই আষাঢ় **পুনর্যাত্রা** উল্‌টো রথে টান—
সাতই শ্রাবণ **মা-মনসা** ধুনোর গন্ধ চান।
বারই শ্রাবণ কৃষ্ণ ঠাকুর উঠিবেন **ঝুলনে**—
রাধারাণী টানবে যারে যাবে বৃন্দাবনে।
চব্বিশে শ্রাবণে এবার **জন্মাষ্টমী** হবে,
প্রেমানন্দে ভক্তগণ মাতিবে উৎসবে।
পনরই আগষ্টে মোদের **স্বাধীনতা** দিন—
এই তারিখে অধীন ভারত হয়েছে স্বাধীন।
কার্ত্তিক মাসে পাঁচ তারিখে আসবে **মহামায়া**
এই তারিখে কেঁপে উঠে অর্থহীনের কায়া।
আসিবেন আনন্দময়ী শুনি সবার মুখে,
কাঙাল জানে যে আনন্দ তার হৃদয়ে ঢুকে।
যে আনন্দ দেন গৃহিণী ফর্দ্দ ক'রে লম্বা—
কর্ত্তা জানেন, গিন্নী জানেন, জানেন জগদম্বা।
মুখেতে আনন্দ নাই, আনন্দ নাই পেটে—
আনন্দ কি এমনি আসে "পেনীলেস" পকেটে!
বারই কার্ত্তিকে এবার আসিবেন মা **লক্ষ্মী**—
লক্ষ্মীছাড়ার ঘরে দেখা দেন না প্যাঁচা পক্ষী।
ছাব্বিশে কার্ত্তিকে এবার আসিবেন **কালিকা**
নিয়ে তুবড়ী পটকা লাগায় খটকা বালক আর বালিকা।
এদিন "ইমার্জ্জেন্সী ওয়ার্ড" খোলা সারা রাত
কেউ বাঁচিবে বরাত গুণে কেউ বা কুপোকাৎ।
উনত্রিশে কার্ত্তিকে **ফোঁটা** দিবে ভগ্নিগণ
সাতই অঘ্রাণ জগদ্ধাত্রী দিবেন দরশন।
উনত্রিশে কার্ত্তিকেতে কার্ত্তিকে পূজিয়া,
অপুত্রক পুত্র পায় অদৃষ্ট বুঝিয়া।
তেরই অগ্রহায়ণ রাস করবে রাসবিহারী—
নেতাজীর জন্মদিন তেইশ জানুয়ারী।
তেসরা ফাল্গুন **শ্রীপঞ্চমী** আসবে বীণাপাণি,
ছাব্বিশে ফাল্গুনে **শিবরাত্রি** রেখো জানি।
বারই চৈত্র কৃষ্ণ ঠাকুর উঠবে এবার দোলে,
ত্রিশে চৈত্র চড়ক পূজা বুঝবে ঢাকের বোলে।

### ঈশ্লামীয় পর্ব্ব

নয়ই জ্যৈষ্ঠ ইদলফেতর পঞ্জিকাতে লেখা—
ঈদ মোবারক হবে সেদিন চাঁদ যদি যায় দেখা।
তেরই শ্রাবণ ইদুজ্জোহা রাখ মনে মনে—
ঠিক কি বেঠিক বুঝবে সবে চন্দ্র দরশনে।
বারই ভাদ্র **মহরম** জানো সবে খাঁটি—
মাশিয়া গাহিতে হবে হবে মজ্লিশ মাটি।
পঁচিশে আশ্বিনে মুং চব্বিশ শফরে—
আখেরী চাহারশুম্বা রাখো ইয়াদ ক'রে।
ফতেহা দোহাজদাহাম্ এগারো কার্ত্তিক
তেরই চৈত্র শবেরাৎ থাকে যেন ঠিক।

### খ্রীষ্টান পর্ব্ব

নয়ই পৌষ এ বৎসর হবে **খ্রীষ্টমাস**
খ্রীষ্টে স্মরি হৃষ্টমনে করিনু প্রকাশ।
নিউ ইয়ার্স ডে ষোলই পৌষ পয়লা জানুয়ারী
নড়চড় হবে না কভু বাজী ধরতে পারি।
ষোলই চোত গুডফ্রাইডে রাখিবে স্মরণে
পর্ব্বদিন প্রকাশিনু আনন্দিত মনে।

---

### পুরস্কার বিতরণ

বিগত ৩রা এপ্রিল রবিবার জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীদিলীপকুমার গুহ মহাশয়ের সভাপতিত্বে রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ কার্য্য সুসম্পন্ন হইয়াছে। মহকুমা-শাসক মহোদয়ের পত্নী পুরস্কার বিতরণ করেন। সভায় বহু জনসমাগম হইয়াছিল।

---

## দোকান কর্ম্মচারী আইন

জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকায় (Bengal Shops and Establishment Act—XVI of 1940.) দোকান কর্ম্মচারী আইন আগামী ৬ই বৈশাখ হইতে চালু হইবে। এই আইন অনুযায়ী কোন কর্ম্মচারীকে প্রতিদিন দশ ঘণ্টার বেশী কাজ করান যাইবে না এবং সপ্তাহে দেড় দিন ছুটি দিতে হইবে। ঔষধ, চা, মিষ্টির দোকান ছাড়া রঘুনাথগঞ্জ জঙ্গিপুরের সকল দোকান ও বাজার প্রতি বুধবার বেলা ২টার পর হইতে বৃহস্পতিবার পর্য্যন্ত বন্ধ থাকিবে, ইহাই স্থির হইয়াছে। বিস্তারিত বিবরণ উক্ত সমিতির সম্পাদকের নিকট জানা যাইবে।

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

১৭।৫৫ অন্য

বাদী—সাদেমানি সেখ দিং

বিবাদী—মুকসদ বিশ্বাস

এতদ্দ্বারা থানা রঘুনাথগঞ্জের অধীন মৌজে সেকেন্দরা ও তৎপার্শ্ববর্ত্তী গ্রামসমূহের মুসলমান অধিবাসীবৃন্দকে জানান যাইতেছে যে উপরোক্ত বাদীপক্ষ এই জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে থানা রঘুনাথগঞ্জ অধীন মৌজে সেকেন্দরা মৌজার ১৭৯নং খতিয়ানের ৫০৬নং দাগ সর্ব্বসাধারণের মসজিদ ও তাহাতে কেহ নিজস্ব গৃহাদি নির্ম্মাণ করিতে পারে না এই মর্ম্মে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে উপরোক্ত বিবাদীর বিরুদ্ধে মোকর্দ্দমা দায়ের করিয়াছেন তাহাতে যে কেহ উপস্থিত হইয়া আগামী ২৬।৪।৫৫ তারিখে বা তৎপূর্ব্বে বাদীশ্রেণীভুক্ত হইতে পারেন।

এই নোটীশ সর্ব্বসাধারণের অবগতির জন্য দেওয়া গেল।

By order of the Court
M. N. Roy
Sharistadar Munsif's Court,
Jangipur.
11.4.55

## বিষাক্ত গুড়ে জীবনান্ত

রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর চকের এক মুসলমান গৃহস্থের তিনটি শিশু বিষাক্ত গুড় খাইয়া মারা গিয়াছে। পুলিশ দোকানদারের গুড় পরীক্ষার্থে লইয়া আসিয়াছে।

## কেরোসিনে আত্মহত্যা

৩০শে চৈত্র বুধবার রঘুনাথগঞ্জের চাউল ব্যবসায়ী শ্রীকমলাকান্ত সেন মহাশয়ের পুত্রবধূ শ্রীবঙ্কিমচন্দ্র সেনের স্ত্রী শ্রীমতী স্বর্ণলতা কাপড়ে কেরোসিন ঢালিয়া অগ্নিসংযোগ করিয়া আত্মহত্যা করিয়াছে।

## ভ্রম সংশোধন

গত ২৩শে চৈত্র তারিখের "জঙ্গিপুর সংবাদে" 'রাহাজানির অপরাধে কারাদণ্ড" শীর্ষক সংবাদে আক্রান্ত মহিলার নাম সাবিত্রীরাণী ছাপা হইয়াছে—উহা পার্ব্বতীরাণী হইবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৭ই মে ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৬৩৪ খাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ৩২৷৴৩ থানা সুতি মৌজে হাজিপুর ৩-৬৫ শতকের কাত ৫৸৴০ নিজাংশে ৸৶৮ আঃ ১০৲

৬৩৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৶০ থানা ঐ মৌজে খিদিরপুর ৮২ শতকের কাত ১৶৩ নিজাংশে ।৵৮ আঃ ৫৲

৬৩৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪২/৩ মৌজাদি ঐ ২-৭৫ শতকের কাত ১৩/১৩ নিজাংশে ১৸৵৬ আঃ ১০৲ খং ৪

৬৮৫ খাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং আরসেদ রেজা মির্জ্জা দাবি ৪০৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ৫-৩৪ শতকের কাত ৪৷৵০ আঃ ২০৲ খং ৪৬৬

৬৯৮ খাং ডিঃ প্রফুল্লময়ী সরকার দিং দেং রাঙ্গিনী দাসী দিং দাবি ৩১৷৵৬ থানা সুতি মৌজে ভাবকি ১-৪৪ শতকের কাত ৩৷০ আঃ ৩৲ খং ১০৭

৫২ মনি ডিঃ রাসবিহারী মণ্ডল দেং পাঙ্গু মণ্ডলানী দাবি ৩৬৷/৫ থানা রঘুনাথগঞ্জ মৌজে জগদানন্দবাটী ১১ শতকের কাত ৩।০ আঃ ১৫৲ খং ৮৬ তন্মধ্যে দেনদারের অর্দ্ধাংশ মাত্র উপরিস্থিত গৃহাদিসহ নিলাম হইবে।

৬১ মনি ডিঃ মহাম্মদ তামিজুদ্দিন বিশ্বাস দিং দেং ছবিলাল ঘোষ দিং দাবি ২৯৷/৬ থানা সুতি মৌজে কাদোয়া ৫-৮৩ শতকের কাত ২৩৷/৬ পাই আঃ ৩০০৲ খং ২৩৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

১০ খাং ডিঃ জনাব নুরমহম্মদ সেখ দেং জলধর সমাদ্দার দাবি ৩২৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহাদিনগর ১৬ শতকের কাত ৩৷৵৬ আঃ ৫৲ খং ১৩

৮৯ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং রজনীকান্ত দাস দাবি ১৩৸৶/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহুড়া ১১ শতকের কাত ২৷৵৯ আঃ ৪৲ খং ১৪২

৯০ খাং ডিঃ ঐ দেং ক্ষিতীন্দ্রনাথ মণ্ডল ওরফে দুর্গা মণ্ডল দিং দাবি ২৬৵৬ থানা ঐ মৌজে আমগাছি ২-২৯ শতকের কাত ২৵০ আঃ ১০৲ খং ৩২ মধ্যে

৪৬ খাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং উমেদালি সেখ দাবি ১৪৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ১০ শতকের কাত ১৲১১ পাই আঃ ৫৲ খং ৩০৪

৫১ খাং ডিঃ ঐ দেং জবেদ সেখ ওরফে কালু মণ্ডল দাবি ২৪৷৶০ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ৩৷৶০ আঃ ১০৲ খং ৩২৭

৫৫ খাং ডিঃ ঐ দেং আলেম সেখ দিং দাবি ২২৸/৩ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ২৷/৮ আঃ ৫৲ খং ১৩

৪০ খাং ডিঃ ঐ দেং কালীকান্ত সরকার দিং দাবি ১৯৸৵০ থানা ঐ মৌজে কাশিয়াডাঙ্গা ৪২ শতকের কাত ২/২ আঃ ১০৲ খং ৪৫

৫৩ খাং ডিঃ ঐ দেং সত্যকুমারী সরকার দাবি ২১৷৵৯ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ২৸/০ আঃ ৫৲ খং ২৫০

৫৮ খাং ডিঃ ঐ দেং পূর্ণশশী দেবী দাবি ১৩৶৯ মৌজাদি ঐ ২৭ শতকের কাত ৸২ পাই আঃ ৫৲ খং ১৩২

১২১ থাং ডিঃ সেবাইত সিদ্ধেশ্বর বন্দ্যোপাধ্যায় দিং দেং ভবদাস মুখোপাধ্যায় দিং দাবি ২৬।৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা জামুয়ার ১-৫৫ শতকের কাত ৩৶০ আঃ ৫৲ থং ১২

১২২ থাং ডিঃ করুণাময়ী দেবী দিং দেং শচী-নন্দন দাস দাবি ১০।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তক্ষক ১ শতকের কাত ৶৯ আঃ ২৲ থং ৩৩১

১২৩ থাং ডিঃ জ্যোতির্ম্ময়ী দেবী দিং দেং হারেজ মোল্লা দিং দাবি ১৫।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তক্ষক ৩১ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ৩৩২

১২৪ থাং ডিঃ ঐ দেং সাহাম্মদ সেখ দিং দাবি ২২৶৯ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ২/০ আঃ ৫৲ থং ৩৩০

১২৫ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং সরোজাক্ষ হাজরা দাবি ৪৮।৵৩ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে বাড়ালা ৫-২৪ শতকের কাত ১৪৮/৬ আঃ ১৫৲ থং ৮৪, ১২৪

৩৮ থাং ডিঃ চণ্ডিদাস সিংহ দেং মেঘবরণী দাসী দাবি ৪২৮৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ২ একরের কাত ১২৲ আঃ ৩০৲ থং ৮৭।৮৮।৮৯

৩৯ থাং ডিঃ ঐ দেং পার্ব্বতীচরণ মণ্ডল দাবি ৪২।৶৬ মৌজাদি ঐ ২ একরের কাত ১২৲ আঃ ৩০৲ থং ৮৭।৮৮।৮৯

৪০ থাং ডিঃ ঐ দেং ফজর আলি সেখ দিং দাবি ১৯।৯ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে হুদরাপুর ৩ শত-কের কাত ১।৵০ আঃ ১০৲ থং ৫৯

৮৮ থাং ডিঃ ৺যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং গোবিন্দবালা দেবী দিং দাবি ৮৪৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কল্যাণপুর সেঃ গদাইপুর ৪-২৩ শতকের কাত ১৩৵৪ আঃ ২৫৲ থং ২১১

১৫৭ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং হবিবুর রহমান মিঞা দাবি ২৪।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহাজাদপুর ৩২ শতকের কাত ২৵৯ পাই আঃ ৫৲ থং ২৩৯ রায়ত স্থিতিবান।

১৫৮ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৫৫।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে হুদরাপুর ও জালালপুর ১২-২৬ শতকের কাত ২৭৮২ পাই আঃ ৩০৲ থং ১১৭ অধীনস্থ থং ১১৮ হইতে ১২৪, থং ১৭২ অধীনস্থ থং ১৭৩, ১৭৪, ১৭৫ রায়ত মোকররী স্বত্ব।

১৫৯ থাং ডিঃ ঐ দেং হবিবুর রহমান মিঞা দিং দাবি ৩৪৮৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলিয়া ১-৩৮ শতকের কাত ৩।৵৪ পাই আঃ ১০৲ থং ১৮১ রায়ত স্থিতিবান।

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১১ই মে ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫৪ মনি ডিঃ হাজি মাওলাবক্স বিশ্বাস দেং আবদুল মোমিন দাবি ১০৭।৶৯ থানা ফরক্কা মৌজে ভবানীপুর ৯ শতকের কাত ৮৵০ আঃ ১০০৲ থং ২৭৩

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৬ই মে ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

১৮ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং ইসমাইল সেখ দিং দাবি ১২।৬ পাই থানা সাগরদীঘি মৌজে রতনপুর ৫৬ শতকের কাত ১।৵০ আঃ ১০৲ থং ৪৪

১১৪ থাং ডিঃ ঐ দেং শীতলচন্দ্র মিস্ত্রী দিং দাবি ২১৮/০ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ৭২ শতকের কাত ৪।০ আঃ ১০৲ থং ২৫৪

৭৯ থাং ডিঃ শ্যামাপদ ভট্টাচার্য্য দিং দেং মহরম সেখ দাবি ২২৶৩ পাই থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১-১৮ শতকের কাত ৪৮/৩ আঃ ১০৲ থং ৩৬৬

১৪৫ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং জুল্লু রহমান মোল্লা দাবি ৫৫৮৩ পাই থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ১০০ শতকের কাত ৮৮০ আঃ ৩০৲ থং ৭২০

১৪৮ থাং ডিঃ ঐ দেং রামচরণ দোবে দাবি ৭৯৵০ থানা সাগরদীঘি মৌজে কাঞ্চনপুর ৬৯ শত-কের কাত ১২৮৵০ আঃ ৩০৲ থং ২৪২

১১৬ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং বন্ধেশ্বর লেট দিং দাবি ৩০৮৶৩ থানা সাগরদীঘি মৌজে মিষ্কি সমসাবাদ ১-৫৮ শতকের কাত ১১৶১০ আঃ ১০৲ থং ৪৫৪

১২২ থাং ডিঃ ঐ দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ১৩৮৶০ থানা ঐ মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৬৫ শতকের সেস ।১ আঃ ১০৲ থং ৩৮৯

১২৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮১৵৯ মৌজাদি ঐ ১১-১২ শতকের সেস ৩।৶৫ আঃ ২৫৲ থং ৫০

১২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯।৶০ মৌজাদি ঐ ২-৯১ শতকের সেস ১৲২ আঃ ৫৲ থং ৪৯

১২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৶৩ মৌজাদি ঐ ২-১৫ শতকের সেস ৮/০ আঃ ৫৲ থং ৩৯০

১২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৮/৬ মৌজাদি ঐ ৯৮ শতকের সেস ।৮ আঃ ৫৲ থং ১১৭

১২৮ থাং ডিঃ ঐ দেং শিবচন্দ্র মণ্ডল দাবি ১২।৶৩ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১।৵৫ আঃ ৫৲ থং ৭২৩

৩৯৩ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং অমরেন্দ্রনাথ দাস দিং দাবি ৪৩।৶৩ পাই থানা সাগরদীঘি মৌজে কিঃ নিম্পিবিড়োল ১১ শতকের কাত ৮/৯ আঃ ১০৲ থং ২৪৪

৩৯৪ থাং ডিঃ প্রশান্তকুমার রায় দিং নাঃ পক্ষে অলি মাতা ও স্বয়ং কৃষ্ণকনক রায় দেং মঙ্গল দত্ত দিং নাঃ পক্ষে অলি মাতা কিরণবালা দত্ত দাবি ৬৮।৶০ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ৫-০৮ শতকের কাত ১৬৫১ আঃ ২৫৲ থং ৩৫৪

৬৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শ্রীপতি চরণ দাস দিং দাবি ৩৯৮৵০ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৭৯ শতকের কাত ৫৮৶৮ আঃ ১০৲ থং ৩৬২১ রায়ত স্থিতিবান।

২৭ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং যদুনাথ তেওয়ারী দিং দাবি ২২৮৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৩৪ শতকের কাত ২।৵৭ আঃ ১২৲ থং ২২০


২৮ থাং ডিঃ ঐ দেং হামিদ সেখ দিং দাবি ২৩৵৯ থানা ঐ মৌজে ধুসরীপাড়া ২৪ শতকের কাত ১৮৵০ আঃ ১০৲ থং ৭১৪

---


## বাড়ী করিবার উপযুক্ত জমি বিক্রয়

এই সহরের মধ্যস্থলে ভদ্রপল্লীতে বাড়ী করিবার উপযুক্ত একটী জায়গা সত্বর বিক্রয় হইবে। কাহারও আবশ্যক থাকিলে নিম্ন ঠিকানায় খোঁজ করুন।

শ্রীনৃপেন্দ্রচন্দ্র গাঙ্গুলী, রঘুনাথগঞ্জ হাই স্কুলের সম্মুখে।




দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেন্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত